



# প্রথম আলো

১৩-০২-২০২৫, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীন শিক্ষার্থীদের বরণ



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠানে অতিথিরা। ছবি: বিশ্ববিদ্যালয়ের সৌজন্যে

২০২৫ সালের বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। আজ বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়টির ক্যাম্পাসে আয়োজিত অনুষ্ঠানে এই সেমিস্টারে বিশ্ববিদ্যালয়ের ১৪টি বিভাগে প্রায় ১ হাজার ৮৫০ শিক্ষার্থীকে বরণ করা হয়।

নবীনবরণ অনুষ্ঠানের প্রথম ভাগে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক মোহাম্মদ আনোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শামস রহমান ও সভাপতি হিসেবে একই বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাস উদ্দিন বক্তব্য দেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের ডিনরা নবীনদের উদ্দেশে নিজ নিজ অনুষদের সম্ভাবনা নিয়ে বক্তব্য দেন। এ ছাড়া নবীন শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে একজন শিক্ষার্থী তাঁর অনুভূতি প্রকাশ করেন।

বক্তারা নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার ও লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানবসম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, সহ-উপাচার্য, কোম্পাঙ্ক, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও তাঁদের অভিভাবকেরা অংশ নেন।